# নির্দিষ্ট NYC স্বাস্থ্য বিভাগের লঙ্ঘনের জন্য দেওয়ানী শাস্তি এড়ানো: নির্দিষ্ট লঙ্ঘনগুলি কীভাবে "নিরাময়" করা যায় সে সম্পর্কে রেস্তোরাঁগুলির জন্য একটি নির্দেশিকা।

অনুগ্রহ করে মনে রাখবেন এই নথির অনূদিত সংস্করণ অনলাইনে আপনার রেফারেন্সের জন্য উপলব্ধ। লঙ্ঘনগুলি নিরাময় করতে, অনুগ্রহ করে ফর্মগুলি ইংরেজিতে পূরণ করুন।

নিউ ইয়র্ক সিটি স্বাস্থ্য দপ্তর এবং মানসিক স্বাস্থ্য বিভাগের (New York City Department of Health and Mental Hygiene) (NYC স্বাস্থ্য দপ্তর) দ্বারা ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য জারি করা প্রথমবারে ঘটে কিছু লঙ্ঘন "নিরাময়" করা যেতে পারে। একটি লঙ্ঘন নিরাময় করতে, একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানকে অবশ্যই সেই শর্তটি সংশোধন করতে হবে যার জন্য তারা একটি সমন পেয়েছেন এবং NYC স্বাস্থ্য বিভাগে প্রমাণ জমা দিতে হবে। যদি NYC স্বাস্থ্য বিভাগ সিদ্ধান্ত নেয় যে ব্যবসায়িক প্রতিষ্ঠানটি শর্তটি সংশোধন করেছে, তবে ব্যবসায়িক প্রতিষ্ঠানটি বিরুদ্ধে কোন দেওয়ানী জরিমানা (আর্থিক জরিমানা) করা হবে না।

## কোন লঙ্ঘনগুলি নিরাময় করা যেতে পারে?

এই নথিতে তালিকাভুক্ত করা লঙ্ঘনগুলি নিরাময় করা যেতে পারে।

## প্রথমবার লঙ্ঘন কি?

প্রথমবার লঙ্ঘন হল একটি লঙ্ঘন যা হল:

- 6 মার্চ, 2023 বা তার পরে উদ্ধৃত করা হয়েছে
- NYC প্রশাসনিক বিচার এবং শুনানির কার্যালয় ওথ (Office of Administrative Trials and Hearings, OATH) এ মুলতুবি বা বহাল রাখা হয়নি বা অনুপস্থিত করা হয়নি

## লঙ্ঘন নিরাময়ের জন্য আমাকে কী জমা দিতে হবে?

নিশ্চিতকরণ ফর্মটি সম্পূর্ণ করুন এবং পরিদর্শনের তারিখের থেকে **সাতটি ক্যালেন্ডার দিনের** মধ্যে আপনার প্রথম-বারের লঙ্ঘন নিরাময়ের প্রমাণ জমা দিন (যা আপনার সমনগুলিতে লেখা আছে)। যদি আপনার লঙ্ঘনটি কর্মক্ষেত্রে ধোঁয়া-মুক্ত বায়ু আইনের নীতি (Smoke-Free Air Act Policy) স্পষ্টভাবে পোস্ট করতে ব্যর্থ হয়, তাহলে পরিদর্শনের পর আপনার নিরাময়ের প্রমাণ অবশ্যই **30টি ক্যালেন্ডার দিনের** মধ্যে জমা দিতে হবে।

## আমাকে আমার নিশ্চিতকরণ ফর্ম কোথায় জমা দিতে হবে?

আপনি আপনার নিশ্চিতকরণ ফর্ম ইমেল করতে পারেন বা ব্যক্তিগতভাবে জমা দিতে পারেন। বিস্তারিত জানার জন্য এই নথির নিম্নলিখিত বিভাগগুলি দেখুন।

**আমি কীভাবে জানব যে NYC স্বাস্থ্য বিভাগ আমার প্রমাণ গ্রহণ করেছে এবং আমার কোন জরিমানা হবে না?**
আপনার জমা করা নথি গৃহীত হলে এবং লঙ্ঘন নিরাময় হলে NYC স্বাস্থ্য বিভাগ আপনাকে লিখিতভাবে তা অবহিত করবে। যখন লঙ্ঘনটি নিরাময় করা হবে এবং কোন জরিমানা থাকবে না তখন NYC স্বাস্থ্য বিভাগও OATH-কে সেটি জানাবে।

যদি NYC স্বাস্থ্য বিভাগ আপনার প্রমাণ প্রত্যাখ্যান করে, আপনি OATH-এর কাছে আবেদন করতে পারেন।

**লঙ্ঘন নিরাময় করলে কি রেস্তোরাঁর পরিদর্শন স্কোর বা লেটার গ্রেডে পরিবর্তন ঘটাবে?**
না, নিরাময় করলে এটি একটি পরিদর্শন স্কোর বা একটি লেটার গ্রেডে পরিবর্তন ঘটাবে না। নিরাময় করা মানে আপনি লঙ্ঘনটি স্বীকার করেন এবং সেটি মেনে নেন। একবার লঙ্ঘনটি NYC স্বাস্থ্য বিভাগ দ্বারা নিরাময় করার জন্যে গ্রহণ করা হলে, আপনি OATH এর মাধ্যমে লঙ্ঘনটিকে আর চ্যালেঞ্জ করতে পারবেন না।

**লঙ্ঘন নিরাময় করার লাভ কী যদি তা আপনার রেকর্ডে থাকে?**
আপনাকে প্রথমবার লঙ্ঘনের জন্য কোনো জরিমানা দিতে হবে না।

**রেস্তোরাঁর জন্য কোন লঙ্ঘনগুলি নিরাময়যোগ্য?**
নিম্নলিখিত টেবিলটি দেখায় যে কোন লঙ্ঘনগুলি মোবাইল রেস্তোরাঁর জন্য নিরাময়যোগ্য:

| লঙ্ঘন কোড | আইনের বিধান যা লঙ্ঘন করা হয়েছে | বর্ণনা |
|---|---|---|
| 03E | NYCHC 81.20(a) | পানীয় জল সরবরাহ করা হয়নি বা অপর্যাপ্ত ছিল |
| 03E | NYCHC 81.20(a) | পানীয় এবং অপানীয় জলের মধ্যে ক্রস-সংযোগ পাওয়া গেছে |
| 04F | NYCHC 81.20(b) | খাদ্য প্রস্তুতি, খাদ্য সঞ্চয় স্থান, বা অন্যান্য জায়গা যা নর্দমার জল বা তরল বর্জ্য দ্বারা দূষিত হয়েছে |
| 05A | NYCHC 81.20(b) | নর্দমার জল এবং তরল বর্জ্য ধারণকারী ট্যাঙ্ক সরবরাহ করা হয়নি, অপর্যাপ্ত ছিল বা অননুমোদিত |
| 08B | NYCHC 81.24(a) | আবর্জনা রাখার পাত্র কীটপতঙ্গ বা জল প্রতিরোধী নয় টাইট-ফিট করা ঢাকনা দিয়ে ঢাকা দেওয়া নয় |
| 08B | NYCHC 81.24(c) | আবর্জনা রাখার পাত্র এবং ঢাকনা খালি করার পরে এবং পুনঃব্যবহারের আগে পরিষ্কার করা হয়নি |
| 09C | NYCHC 81.17(d)(1) | খাবারের সংস্পর্শে আসে এমন পৃষ্ঠ ভুলভাবে নির্মিত এবং রক্ষণাবেক্ষণ করা হয় না; সহজে পরিষ্কার করা যায় না |
| 10B | NYCHC 81.20(b) | নর্দমার জল বা তরল বর্জ্যের অনুপযুক্ত নিষ্পত্তি |
| 10B | NYCHC 81.20(a) | পানীয় জল ব্যাক-ফ্লো হওয়া, ব্যাক-সিফোনেজ হওয়া বা ক্রস-সংযোগ হওয়া থেকে সুরক্ষিত নয় |
| 10C | NYCHC 81.19(a) | অপর্যাপ্ত আলো; যথোপযুক্ত নয় |
| 10F | NYCHC 81.17(e)(1) | মেঝে: অগ্রহণযোগ্য উপাদান ব্যবহার করা হয়েছে, রক্ষণাবেক্ষণ করা হয়নি না বা পরিষ্কার নয় |

| লঙ্ঘন কোড | আইনের বিধান যা লঙ্ঘন করা হয়েছে | বর্ণনা |
|---|---|---|
| 10F | NYCHC 81.17(e)(2) | খাবারের সংস্পর্শে আসে না এমন পৃষ্ঠ (দেওয়াল, সিলিং): অগ্রহণযোগ্য উপকরণ ব্যবহার করা হয়েছে, রক্ষণাবেক্ষণ করা হয় না বা পরিষ্কার নয় |
| 10F | NYCHC 81.17(e)(3) | খাবারের সংস্পর্শে আসে না এমন পৃষ্ঠ (সরঞ্জাম, ফিক্সচার, সজ্জাসংক্রান্ত উপাদান, ফ্যান, ইত্যাদি) পরিষ্কার নয় বা কাজ করার অবস্থায় নেই |
| 15-37 | অ্যাডমিন। কোড 17-504(f) | কর্মক্ষেত্রের SFAA নীতি কর্মক্ষেত্রে স্পষ্টভাবে লাগানো হয়নি |
| 16-02 | NYCHC 81.08(c) | পুষ্টিগত তথ্যরে লেবেল এবং/অথবা উপাদানের লেবেল সেই স্থানে বজায় রাখা হয়নি |
| 16-11 | অ্যাডমিন। কোড 17-199.11(b) | শিশুদের খাদ্য তালিকায় নিষিদ্ধ পানীয় তালিকাভুক্ত করা আছে |
| 20-04 | অ্যাডমিন। কোড 17-173(2)(b) | গর্ভাবস্থায় অ্যালকোহল ব্যবহারের সঙ্কেত লাগানো হয়নি |
| 20-08 | অ্যাডমিন। কোড 17-1507(a) | স্বাস্থ্যকর খাওয়ার তথ্য লাগাতে বা তা স্পষ্টভাবে লাগাতে ব্যর্থ হওয়া |

### রেস্তোরাঁগুলি তাদের নিশ্চিতকরণ ফর্ম কীভাবে জমা দেওয়া উচিত?

আপনি আপনার নিশ্চিতকরণ ফর্ম ইমেল করতে পারেন বা ব্যক্তিগতভাবে জমা দিতে পারেন। আপনার নিশ্চিতকরণ ফর্ম এবং কোনো ছবি বা নথি জমা দিতে:

- ইমেলের মাধ্যমে, তাদের **infobfscs@health.nyc.gov**-এ পাঠান। বিষয় লাইনে "নিরাময়ের প্রমান – সমন / [ডকেট নম্বর]" লিখুন।
- ব্যক্তিগতভাবে, তাদের 125 Worth St., রুম 1020, New York, NY 10013-এ NYC স্বাস্থ্য বিভাগে নিয়ে আসুন

NYC স্বাস্থ্য বিভাগে কোনো মিথ্যা বিবৃতি জমা দিলে NYC স্বাস্থ্য কোড এবং অন্যান্য প্রযোজ্য আইন লঙ্ঘনের জন্য জরিমানা করা হতে পারে। লঙ্ঘন কোডগুলি বুঝতে বা উপযুক্ত ফর্মগুলি পূরণ করতে সাহায্য করার জন্য ব্যাখ্যা বা অনুবাদ সহায়তার জন্য, অনুগ্রহ করে 212-676-1600 নম্বরে কল করুন।